ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◀◀ মারাঠি রানী রূপে ধরা দিলেন রাশমিকা
পৃঃ 7

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

শোয়েব মালিকের ▶▶ বন্ধুর সঙ্গেই নতুন সম্পর্কে সানিয়া!
পৃঃ 8



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৩১ ● কলকাতা ● ১৮ মাঘ, ১৪৩১ ● শনিবার ● ০১ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## একের পর এক লাশ তুলছে, পাশে ফেলছে, কম্বল দিয়ে ঢাকছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**উত্তর ২৪ পরগনা:** চোখ বুজলেই ভেসে উঠছে সেই ভয়াবহ ছবি। মৃত্যু-কান্না-হাহাকার-প্রিয়জনের দেহ হাতে পেতে মর্গের সামনে দীর্ঘ প্রতীক্ষা। সেখান থেকে কোনও মতে প্রাণ হাতে নিয়ে ফিরেছেন উত্তর ২৪ পরগনার গাইঘাটা ও পলতার কয়েকজন যুবক। শুনিয়েছেন তাঁদের ভয়ঙ্কর অভিজ্ঞতার কথা। কিন্তু যে মেলার আয়োজনে হাজার হাজার কোটি টাকা খরচ, দীর্ঘদিনের প্রস্তুতি সেখানে এমন

এরপর ৩ পৃষ্ঠায়

## অধীরের নেতৃত্বে জমায়েতে 'শক্তি' দেখাল মুর্শিদাবাদের কংগ্রেস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

জেলা পরিষদ অভিযান ডেকেছিল মুর্শিদাবাদ জেলা কংগ্রেস। অধীর চৌধুরীর নেতৃত্বে সেই কর্মসূচির জমায়েতে শক্তি প্রদর্শন করল কংগ্রেস। কিন্তু স্মারকলিপি গ্রহণ করার জন্য জেলা পরিষদ দফতরে রইলেন না সভাধিপতি রুবিয়া সুলতানা।কংগ্রেসের দাবি, রাজ্যে ইমামদের মাসিক ১০ হাজার টাকা, মোয়াজ্জেমদের মাসিক সাড়ে ৭ হাজার টাকা করে দিতে হবে। শুধু তা-ই নয়, আবাস যোজনায় ৪ লক্ষ টাকা করে দেওয়ার দাবিও তুলেছে কংগ্রেস। উল্লেখ্য, এখন রাজ্য সরকার আবাস যোজনায় ১ লক্ষ ২০ হাজার টাকা দেয়। অধীরের বক্তব্য, ''কর্নাটক সরকার ৪ লক্ষ টাকা দিতে পারলে বাংলার সরকার দেবে না কেন?''এ নিয়ে কটাক্ষ করে অধীর বলছেন,



''জেলাপরিষদের সভাধিপতির কাছ থেকে আগাম সময় নেওয়ার পরেও উনি পালিয়ে গেলেন। এই হল বাংলার গণতন্ত্রের নমুনা।'' পাল্টা রুবিয়া বলেন, ''কোনও রাজনৈতিক দলের কর্মসূচির জন্য তো সরকারি কর্মসূচি থেমে থাকবে না। দুয়ারে সরকার শিবির চলছে। আমায় একাধিক জায়গায় পরিদর্শনে যেতে হয়েছিল। তা ছাড়া আরও কিছু প্রশাসনিক কর্মসূচিও ছিল।''

অধীরের দাবি, গত ১২ ডিসেম্বর জেলা কংগ্রেসের পক্ষ থেকে কর্মসূচির দিনক্ষণ জানানো হয়েছিল জেলা পরিষদের সভাধিপতিকে। তার পর তিনিই জানিয়েছিলেন, জেলা পরিষদে যাঁরা কংগ্রেসের সদস্য রয়েছেন, তাঁদের সঙ্গে তিনি বসে কথা বলতে চান। কারণ, দাবিদাওয়ার প্রসঙ্গে তাঁর প্রস্তুতির প্রয়োজন। ২৭ ডিসেম্বর সেই বৈঠকও হয়েছিল। কিন্তু বৃহস্পতিবার তিনি ছিলেন না।অধীরের দাবি, গত ১২ ডিসেম্বর জেলা কংগ্রেসের পক্ষ থেকে কর্মসূচির দিনক্ষণ জানানো হয়েছিল জেলা পরিষদের সভাধিপতিকে। তার পর তিনিই জানিয়েছিলেন, জেলা পরিষদে যাঁরা কংগ্রেসের সদস্য রয়েছেন, তাঁদের সঙ্গে তিনি বসে কথা বলতে চান। কারণ, দাবিদাওয়ার প্রসঙ্গে তাঁর প্রস্তুতির প্রয়োজন। ২৭ ডিসেম্বর সেই বৈঠকও হয়েছিল। কিন্তু বৃহস্পতিবার তিনি ছিলেন না।

আরজি কর, শাসকদল তৃণমূলের অভ্যন্তরীণ দ্বন্দ্বে যখন বঙ্গ

এরপর ৩ পাতায়






# রাষ্ট্রপতি ভবনে বিয়ে মহিলা সিআরপিএফ অফিসারের, উদ্যোগ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রথম বার কোনও সরকারি আধিকারিকের বিয়ে হচ্ছে রাষ্ট্রপতি ভবনে। পাত্রী মধ্যপ্রদেশের সিআরপিএফ অফিসার পুণম গুপ্ত। তিনি এই মুহূর্তে রাষ্ট্রপতি ভবনে পিএসও হিসাবে কর্মরত। পাত্রও সেনাবাহিনীর সঙ্গে যুক্ত। নাম অবনীশ কুমার। অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট হিসাবে কর্মরত রয়েছেন জম্মু-কাশ্মীরে।গণিত এবং ইংরেজি সাহিত্য নিয়ে ডিগ্রি লাভের পর বিএড করেছিলেন পুণম। প্রথমে ইচ্ছা ছিল শিক্ষকতা করার। পরে সিদ্ধান্ত বদলান। মধ্যপ্রদেশের ওই তরুণী ২০১৮ সালে ইউপিএসসি সিএপিএফে ৮১তম স্থান অধিকার করেন। কর্মজীবন শুরু হয় সিআরপিফের অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট হিসাবে। ২০২৪ সালে সাধারণতন্ত্র দিবসের প্যারেডে মহিলা সিআরপিএফের নেতৃত্বে ছিলেন পুণম।

আগামী ১২ ফেব্রুয়ারি তাঁদের চার হাত এক হবে রাষ্ট্রপতি ভবনে। অনুষ্ঠানের প্রস্তুতির নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

বিভিন্ন ক্ষেত্রের বহু বিশিষ্ট ব্যক্তির বিয়ে হয়েছে রাষ্ট্রপতি ভবনে। তবে এত দিন সেখানে কোনও সরকারি আধিকারিকের বিয়ের অনুষ্ঠান হয়নি। এ ক্ষেত্রে নজির গড়ছেন সিআরপিএফ অফিসার পুণম। রাষ্ট্রপতি ভবনের বিভিন্ন সূত্র উদ্ধৃত করে একাধিক সংবাদমাধ্যম জানাচ্ছে, পিএসও হিসাবে পুণম যা যা কাজ করছেন, তাতে রাষ্ট্রপতি মুর্মু খুশি। পুণম বিয়ে করছেন শুনে তিনিই নাকি রাষ্ট্রপতি ভবনে বিয়ের আয়োজন করতে বলেন। রাষ্ট্রপতি ভবনের মাদার টেরিজা ক্রাউন কমপ্লেক্সে তিনি বিয়ের আয়োজনের নির্দেশ দিয়েছেন। বিয়ের অনুষ্ঠানে আমন্ত্রিতদের সংখ্যাও সীমিত থাকবে।

## সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি জি-র আজকের ভাষণে বিকশিত ভারত নির্মাণের লক্ষ্যে আমাদের দেশের রূপরেখার প্রতিফলন ঘটেছে: প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ৩১ জানুয়ারি , ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সংসদের যৌথ অধিবেশনে মাননীয়া রাষ্ট্রপতির ভাষণের প্রশংসা করেছেন। বিকশিত ভারত নির্মাণের লক্ষ্যে ভারতের ভাবনার সর্বাত্মক প্রতিফলন এতে রয়েছে বলে মন্তব্য করেছেন তিনি।

শ্রী মোদী বলেন, রাষ্ট্রপতি তাঁর ভাষণে সব ক্ষেত্রের উল্লেখযোগ্য দিকগুলি তুলে ধরেছেন এবং সর্বাঙ্গীন ও ভবিষ্যৎমুখী উন্নয়নের গুরুত্বের কথা উল্লেখ করেছেন।

এক্স পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন :

"সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি জি-র আজকের ভাষণে বিকশিত ভারত নির্মাণের পথে আমাদের দেশের রূপরেখার প্রতিফলন ঘটেছে। তিনি সর্বাঙ্গীন উন্নয়নে গুরুত্বের কথা তুলে ধরেছেন।

তাঁর ভাষণে এমন এক ভারতের ভাবনার কথা তুলে ধরা হয়েছে,

এরপর ৩ পাতায়

# ইট দিয়ে থেঁতলে গুলি চালিয়ে খুন! নৈহাটিতে তৃণমূল কর্মী হত্যায় নৃশংসতার বর্ণনা দিল পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শুটআউট নয়, প্রথমে ইট দিয়ে থেঁতলে খুনে চেষ্টা হয়েছিল নৈহাটির তৃণমূল কর্মীকে। তারপর চালানো হয় তিন-চার রাউন্ড গুলি। এরপরও প্রাণে বেঁচেছিলেন সন্তোষ যাদব। কারণ, দু-দুটি গুলি লক্ষ্যভ্রষ্ট হয়ে বেরিয়ে যায়। কিন্তু একটি গুলি লাগে নাকে, আরেকটি সরাসরি মাথায় লাগে। তাতেই মৃত্যুর কোলে ঢলে পড়েন সন্তোষ।

তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের কারণেই এই খুন বলে পালটা অভিযোগ তুলে অর্জুন সিংয়ের বক্তব্য, "গৌরীপুর জুট মিলের জমি দখল নিয়ে তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে দীর্ঘদিন ধরে গন্ডগোল চলছে। এ নিয়ে বছর দুই আগে সন্তোষ রাজেশকে লক্ষ্য করে গুলি চালিয়েছিল। দুদিন আগেও জমি দখল নিয়ে এদের মধ্যে গন্ডগোল



হয়েছিল। নিজেদের মধ্যে গন্ডগোলের কারণে খুনের ঘটনা চাপা দিতেই তৃণমূল আমার ও বিজেপির বিরুদ্ধে বলছে।"শুক্রবার বিকেলে নৈহাটির গৌরীপুরের শুটআউটে হত্যাকাণ্ডের তদন্তে নেমে নৃশংসতার বর্ণনা দিলেন বারাকপুরের পুলিশ সুপার অলোক রাজোরিয়া। এই ঘটনায় এলাকায় রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে। বিজেপি নেতা তথা প্রাক্তন সাংসদ অর্জুন সিংয়ের দাবি, এর আগে রাজেশকে (যাকে হত্যাকাণ্ডে মূল অভিযুক্ত বলে মনে করা হচ্ছে) লক্ষ্য করে গুলি চালিয়েছিল। ওদের মধ্যে এলাকা দখল নিয়ে ঝামেলা রয়েছে। সেই কারণেই আজকের ঘটনা। আর জেলা তৃণমূলের দাবি, অর্জুন সিংয়ের মস্তিষ্কপ্রসূত এই হত্যাকাণ্ড।স্থানীয় ও তৃণমূল সূত্রে জানা গিয়েছে, নৈহাটির গৌরীপুরের বড় মসজিদ গলির বাসিন্দা সন্তোষ যাদব দীর্ঘদিনের তৃণমূল কর্মী। শুক্রবার বিকেল চারটে নাগাদ টোটোয় করে বাড়ি ফিরছিলেন সন্তোষ। গৌরীপুর গোয়ালপাড়া ঘাট সংলগ্ন এলাকায় দুটি বাইকে ছজন দুষ্কৃতী টোটো দাঁড় করিয়ে তাঁর উপর হামলা চালায় বলে অভিযোগ। দিনেদুপুরে রাস্তার মাঝে তৃণমূল কর্মী খুন হয়েছেন, খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যান বারাকপুরের পুলিশ

এরপর ৩ পাতায়






(১ম পাতার পর)

# একের পর এক লাশ তুলছে,পাশে ফেলছে, কম্বল দিয়ে ঢাকছে

ঘটনা ঘটল কী করে? অতিরিক্ত ভিড়ের চাপ? ব্যারিকেড ভেঙে যাওয়াতেই বিপত্তি? নাকি অপর্যাপ্ত ব্যবস্থাপনার ফল? গাইঘাটার বাসিন্দা সায়ন সরকার মহাকুম্ভ থেকে ফিরেছেন। তিনি জানান, "এটার মূল কারণ ভিআইপি পাসের জন্য। ভিআইপি-রা আসল, তারপর শুরু হয়ে গেল পুলিশের ধ্বস্তাধস্তি। কাইকে বসতে দেবে না, কাউকে দাঁড়াতে দেবে না, ভিআইপি-রা স্নান করবে। আর সাধারণ মানুষ, মানুষ না তাঁদের কাছে।''

উত্তর ২৪ পরগনার পলতা থেকেও মহাকুম্ভে গিয়েছিলেন কয়েকজন বন্ধু। ফিরে এসেছেন সবাই। দায়ী করেছেন আয়োজনের অব্যবস্থাকে। মহাকুম্ভ থেকে ফেরা পুণ্যার্থী আরাধনা দত্ত বিশ্বাস বলেন, "কিলোমিটারের পর কিলোমিটার হাঁটার মানসিক প্রস্তুতি নিয়েই আমরা এসেছিলাম। কিন্তু এটা ভেবে আসিনি, চেঞ্জিং রুম পাব না, খাবার পাব না, থাকতে পাব না, রাতে শুতে পাব না।''অভিজ্ঞতা শোনালেন কুম্ভ ফেরত বাঙালি: অমৃতকুম্ভের সন্ধানে গিয়ে কেউ ফিরেছেন খালি হাতে, কেউ ফিরেছেন কোনও মতে প্রাণ নিয়ে।তেমনই ভয়াবহ অভিজ্ঞতা নিয়ে ফিরছেন উত্তর ২৪ পরগনার গাইঘাটার কয়েকজন পুণ্যার্থী। তাঁদের মধ্যে রয়েছেন সৌরভ গঙ্গোপাধ্যায় (৩২) এবং নিখিলেশ চৌধুরী (৩৫)। নিখিলেশ চৌধুরী জানান, "আমরা যে ঘাটে স্নান করেছি, তার পাশে পুলিশ একের পর এক লাশ তুলছে, পাশে ফেলছে, কম্বল দিয়ে ঢাকছে। পাশে কতজন পুলিশ গার্ডে ছিল তারা শুধু ওখানে আমাদের ক্যামেরা করতে দিচ্ছে না। একের পর এক অ্যাম্বুল্যান্স আসছে, সমানতালে টেনে নিয়ে চলে যাচ্ছে। যত কমই হোক ১০০-র ওপরে লোক ওখানে মারা গেছে।'' মহাকুম্ভ থেকে ফেরা আরেক পুণ্যার্থী সৌরভ গঙ্গোপাধ্যায় বলেন, "ছোট বাচ্চা থেকে শুরু করে মহিলা এবং বয়স্ক লোক এবং অনেক প্রতিবন্ধী লোক যারা ওখানে অমৃত স্নানের আশায় আসে, হয়তো তারাও আর বেঁচে ফিরতে পারেনি। নিজের চোখে অনেক লাশ আমরা দেখেছি।''পুণ্যার্থীদের দাবি, বুধবার রাত একটা থেকেই স্নানের জন্য তাড়া দিতে থাকে পুলিশ। এক পুণ্যার্থী বলেন, "রাত ১টার সময় আমরা সবাই আরাম করছিলাম। ওরা (পুলিশ) বলে ওঠো ওঠো, খালি কর, স্নান করতে যাও। বার বার পুলিশ আমাদের তাড়া দিচ্ছিল। বলে বলে আমাদের নিয়ে আসে।'' সূত্রের খবর, এরপরই রাত ২টো নাগাদ ত্রিবেণী সঙ্গমের কাছে ভিড়ের চাপে ব্যারিকেড ভেঙে যায়। মাটিতে পড়ে যান অনেকে। দৌড়োদৌড়ি শুরু হয়। তাঁদের মাড়িয়ে চলে যান হাজারা হাজার মানুষ।

(২ পাতার পর)

# ইট দিয়ে থেঁতলে গুলি চালিয়ে খুন! নৈহাটিতে তৃণমূল কর্মী হত্যায় নৃশংসতার বর্ণনা দিল পুলিশ

কমিশনার আলোক রাজোরিয়া। প্রাথমিক তদন্তের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানিয়েছেন, “প্রথমে সন্তোষ যাদবকে মারধর করার পাশাপাশি ইট দিয়েই হামলা চালানো হয়েছে বলে প্রাথমিক তদন্তে জানা গিয়েছে। সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখে কয়েকজন অভিযুক্তকে চিহ্নিত করা হয়েছে। পুরনো শত্রুতার কারণেই এই খুন বলেই অনুমান করা হচ্ছে। এখনও পর্যন্ত রাজনৈতিক কোনও কারণ উঠে আসেনি। তদন্ত চলছে।”নৈহাটির তৃণমূল বিধায়ক সনৎ দে’র কথায়, “অর্জুন সিংয়ের পোষা গুন্ডা রাজেশ সাউ, চিন্টু সিং-সহ আরও কয়েকজন ঘিরে ধরে সন্তোষকে গুলি চালিয়েছে। প্রথম গুলি লক্ষ্যভ্রষ্ট হলে পালানোর চেষ্টা করে সন্তোষ। তখন জোড়া বাড়ি সামনে তাঁকে ধরে ফেলে প্রথমে ইট দিয়ে কপাল থেঁতলে দেয়। তারপর ওরা গুলি চালায়। একটি গুলি নাকের উপরে লাগে, আরেকটি গুলি চোয়াল ছুঁয়ে বেরিয়ে যায়। লোকসভা নির্বাচনে হেরে যাওয়ার পর থেকে অর্জুন সিং দুষ্কৃতীদের ব্যবহার করছে। এর আগেও বেশ কয়েকবার সন্তোষকে মেরে ফেলার চেষ্টা হয়েছে।”

(২ পাতার পর)

# সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি জি-র আজকের ভাষণে বিকশিত ভারত নির্মাণের লক্ষ্যে আমাদের দেশের রূপরেখার প্রতিফলন ঘটেছে: প্রধানমন্ত্রী

যেখানে তরুণরা তাঁদের বিকাশে সর্বোত্তম সুযোগ-সুবিধা পেতে পারেন। তাঁর ভাষণে ঐক্য ও দৃঢ়তার চেতনা নিয়ে সাফল্য অর্জনের লক্ষ্যে প্রেরণামূলক রোড ম্যাপও তুলে ধরা হয়েছে।”

“মাননীয়া রাষ্ট্রপতির ভাষণে গত এক দশকে আমাদের দেশের সম্মিলিত সাফল্য এবং ভবিষ্যতের আশা-আকাঙ্ক্ষার কথা সুন্দরভাবে উঠে এসেছে। তাঁর ভাষণে আর্থিক সংস্কার, পরিকাঠামো উন্নয়ন, স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষা, অচিরাচরিত শক্তি, গ্রামোন্নয়ন, শিল্পোদ্যোগ, মহাকাশ এবং অন্যান্য বিষয়েরও উল্লেখ রয়েছে।”

(১ম পাতার পর)

# অধীরের নেতৃত্বে জমায়েতে 'শক্তি' দেখাল মুর্শিদাবাদের কংগ্রেস

রাজনীতি আবর্তিত হচ্ছে, তখন 'অক্ষ' বদলের লক্ষ্যে 'মানুষের দাবি' নিয়ে রাস্তায় নামতে চেয়েছিল অধীরের জেলার কংগ্রেস। সাংগঠনিক ভাবে সেই প্রস্তুতি শুরু হয়েছিল প্রায় দেড় মাস আগে। বহরমপুরে জেলা পরিষদ দফতরের সামনে কংগ্রেসের জমায়েতে সেই প্রস্তুতির ছাপ লক্ষ্য করা গিয়েছে। যদিও অধীরদের দাবি, কোনও শিষ্টাচার না মেনেই জেলা পরিষদের সভাধিপতি ছিলেন না। অধীরের কথায়, ''কয়েক জন পুলিশ মিলে এক জন কর্মচারীকে ডেকে এনে বলছেন, তাঁর হাতে স্মারকলিপি দিতে। এটা কোনও পদ্ধতি?''১০০ দিনের কাজে কেন্দ্রের 'বঞ্চনা' নিয়ে রাজ্য সরকার কেন আদালতে যাচ্ছে না, সেই প্রশ্ন তুলেছেন অধীর। তাঁর বক্তব্য, ''১০০ দিনের কাজ একটা অধিকার। বাংলার মানুষের সেই অধিকার খর্ব করা হচ্ছে। রাজ্য বলছে, কেন্দ্র টাকা দিচ্ছে না। কেন্দ্র বলছে, রাজ্য হিসাব দিচ্ছে না। বাস্তবে বাংলার মানুষ কাজ পাচ্ছেন না।'' লক্ষ্মীর ভাণ্ডারের অর্থ বৃদ্ধি করে আড়াই হাজার টাকা করার দাবি তুলেছে কংগ্রেস। তাদের প্রশ্ন, পাশের রাজ্য ঝাড়খণ্ড যদি অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়েও আড়াই হাজার টাকা দিতে পারে, তা হলে বাংলা নয় কেন? পাশাপাশিই কংগ্রেসের বক্তব্য, মুসলিমদের তৃণমূল 'ভোট ব্যাঙ্ক' হিসাবে ব্যবহার করতে চাইছে। ইমাম এবং মোয়াজ্জেমদের যে ভাতা রাজ্য সরকার দেয়, সেই টাকার অঙ্কও বৃদ্ধি করার দাবি করছে কংগ্রেস। কিছু দিনের মধ্যেই দিল্লিতে বিধানসভা ভোট। সেই ভোটের আগে আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরীওয়াল পুরোহিতদের জন্য মাসিক ১৮ হাজার টাকার ভাতা ঘোষণা করেছেন। কংগ্রেস পশ্চিমবঙ্গেও পুরোহিতদের জন্য ভাতা চালুর দাবি জানিয়েছে। মুর্শিদাবাদ জেলা পরিষদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগও তুলেছে কংগ্রেস। তাদের বক্তব্য, ভাঙন নিয়ে বাজেট বরাদ্দ হলেও জেলা পরিষদ নানা ভাবে টেন্ডার (দরপত্র) ডেকেও বাতিল করে দিচ্ছে। কাজের কাজ কিছু হচ্ছে না। জেলা পরিষদকে দুর্নীতির ঘুঘুর বাসা বলে আক্রমণ শানিয়েছেন অধীর। বাংলায় নতুন করে বেকার ভাতাও চালু করার দাবি তুলেছে কংগ্রেস।

## সম্পাদকীয়

### কপাল খুলল রাজ্যের সিভিক ভলেন্টিয়ারদের

রাজ্যের সিভিকদের জন্য বিরাট সুখবর। এবার থেকে ব্যাঙ্কঋণ পাবেন রাজ্যের সিভিক ভলান্টিয়াররাও। এর জন্য সম্প্রতি একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করেছে রাজ্য পুলিস। নবান্ন সূত্রে খবর, এই প্রকল্প যাতে দ্রুত কার্যকর হয় সেই লক্ষ্যে উপযুক্ত পদক্ষেপ নেওয়া শুরু হয়েছে।ঋণ জট কাটাতে সিভিকদের স্যালারি অ্যাকাউন্টের বিনিময়ে তাদের ঋণের ব্যবস্থা রাখার প্রস্তাব দেওয়া হয় পুলিশের তরফে। তাদের এই প্রস্তাবে একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক সাড়া দিয়েছে বলে নবান্ন সূত্রে খবর। ইতিমধ্যেই তাদের সঙ্গে নতুন চুক্তি হয়েছে বলে জানা গিয়েছে। স্টেট ব্যাঙ্কের সঙ্গে তাদের পুরোনো চুক্তি বাতিল হচ্ছে।লোন পাওয়ার এই খবর সামনে আসতেই খুশি রাজ্যের সিভিকরা ।

তথ্য অনুযায়ী, রাজ্যে প্রায় ১ লক্ষ ৩০ হাজার সিভিক ভলান্টিয়ার রয়েছেন। যারা পুলিস কর্মীদের মতোই রাস্তায় বা থানায় ডিউটি করেন। যদিও তাদের বেতন অনেকটাই কম। মাস গেলে দশ হাজার টাকা বেতন পান তারা। আর দুর্বল বেতন কাঠামোর কারণে ব্যাঙ্ক থেকে লোন নেওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়তে হয় তাদের।

ঋণ পাওয়ার জন্য যে নির্দিষ্ট শর্তাবলি রয়েছে তার আওতায় সিভিকরা আসেন না, এই যুক্তি দেখিয়েও তাদের ঋণ মুকুব হয়না। ফলত কোনো উপায় না পেয়ে বাধ্য হয়ে চড়া সুদে ঋণ নিতে হয় তাদের। সিভিকদের এই সমস্যার কথা নবান্নে জানানো হয়েছিল। তারপরই উপর মহল থেকে দ্রুত সমস্যার সমাধানের নির্দেশ আসে।

সিভিকদের 'স্যালারি অ্যাকাউন্ট' স্টেট ব্যাঙ্কে (এসবিআই) রয়েছে। সেই ব্যাঙ্কের সাথে সরকারের চুক্তিতে ঋণের কোনো উল্লেখ করা হয়নি। যেহেতু চুক্তিভিত্তিক কর্মী তাই সংশ্লিষ্ট রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে তারা ঋণ পেতেন না। এই সমস্যা সমাধানেই বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সঙ্গে বিভাগীয় কর্তারা আলোচনায় বসেন।

সূত্রের খবর, সিভিকদের ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। শর্ত রয়েছে এজন্য তাদের জমিজমা বা বাড়ির দলিল জমা রাখতে হবে ব্যাঙ্কে যার মূল্য ১ লক্ষ টাকার বেশি হতে হবে। ইতিমধ্যেই নতুন ব্যাঙ্কে স্যালারি অ্যাকাউন্ট খোলার জন্য সমস্ত জেলাকে তাদের নথি জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।




## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(পঁচিশতম পর্ব)



লবণহ্রদের সীমানা আজকের শেয়ালদা, এবং আদি গঙ্গার উত্তর দিকের পাড়ের বিস্তৃতি ছিল আজকের চৌরঙ্গী অবধি। পরবর্তীকালে এই অঞ্চলটি সাবর্ণ রায়চৌধুরীদের হাতে যায়। এঁদের পারিবারিক ইতিহাস থেকে জানা যায় চিৎপুরের চিত্রেশ্বরী কালী মন্দিরও তাঁদের সম্পত্তি।

সেই অতীতে চিৎপুর থেকে একটি রাস্তা গভীর জঙ্গলের মধ্য দিয়ে সোজা কালীঘাট পর্যন্ত গিয়েছে। সেকালের এই রাস্তাটি বর্তমান চিৎপুর রোড, বেন্টিঙ্ক স্ট্রীট হয়ে একটা খালের ধারে গিয়ে শেষ হয়। খালটি তখন গোবিন্দপুর ক্রীক নামে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# আর্থিক সমীক্ষা ২০২৪-২৫-এর মুখবন্ধ

**নয়াদিল্লি, ৩১ জানুয়ারি , ২০২৫**

কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন আজ সংসদে ২০২৪-২৫-এর আর্থিক সমীক্ষার মুখবন্ধ পেশ করেন। এই মুখবন্ধে বিশ্বের বিভিন্ন অংশের রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিরতার কথা তুলে ধরা হয়েছে।

সমীক্ষার মুখবন্ধে বলা হয়েছে, 'ব্যবসায়িক ক্ষেত্রকে তাদের মূল লক্ষ্যের ওপর নজর দেওয়ার সুযোগ করে দেওয়া হয়েছে, যা উদ্ভাবনের পথ প্রশস্ত করেছে এবং প্রতিযোগিতা বৃদ্ধি করেছে।'

সমীক্ষায় ঝুঁকিপূর্ণ নিয়ন্ত্রণবিধি চালু করার পাশাপাশি পরিচালনগত ক্ষেত্রে 'নির্দোষ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযুক্ত' থেকে 'অভিযোগ প্রমাণিত না হওয়া পর্যন্ত নির্দোষ' নীতির কথা তুলে ধরা হয়েছে। অপ্রয়োজনীয় বিধিনিষেধ বাতিলের পাশাপাশি আর্থিক সাফল্য অর্জনে সমাজে বিশ্বাসের ভিত্তি গড়ে তোলার ওপর জোর দেওয়া হয়েছে এই সমীক্ষায়। এতে আরও বলা হয়েছে, 'ভারত তার সামনে আসা চ্যালেঞ্জের মোকাবিলা করবে এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার পথ প্রশস্ত করবে।'

সমীক্ষায় অভ্যন্তরীণ সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করা এবং ধারাবাহিকতা বজায় রাখতে বেসরকারী ক্ষেত্রে

এরপর ৫ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরকে সৃষ্টি স্থিতি প্রলয়ের দেবতা বলে সাধারণ ভাবে চিহ্নিত করা হলেও, শিবভক্তরা শিবকেই সব কিছুর স্রষ্টা ও সংহারকর্তা বলে মানেন। পৌরাণিক নানা কাহিনিতে ব্রহ্মা ও বিষ্ণুর থেকে শিবের শ্রেষ্ঠত্ব প্রমাণ করা হয়েছে। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কুম্ভে গিয়ে আর ফেরা হল না! পদপিষ্টের ঘটনাস্থলেই পড়ে ছিল আসানসোলের বিনোদের মোবাইল ফোন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পদপিষ্ট হয়ে মৃত্যু হয়েছে পশ্চিম বর্ধমানের জামুরিয়ার এক যুবকের। মৃতের নাম বিনোদ রুইদাস (৪২)। বাড়ি জামুরিয়া থানার কেন্দা বাউড়ি পাড়া এলাকায়। কুম্ভস্নানে গিয়ে নিখোঁজ মালদহের প্রৌঢ়া অনিতা ঘোষও। গত মঙ্গলবার ভোরে ব্যারিকেড ভেঙে যাওয়ার ঘটনার পর থেকেই খোঁজ পাওয়া যাচ্ছে না তাঁর।কলকাতার গঙ্ফগ্রিনের এক বাসিন্দাও কুম্ভে পদপিষ্ট হয়ে মারা গিয়েছেন। বৃহস্পতিবার এমআর বাঙুর হাসপাতালে তাঁর দেহ নিয়ে আসা হয়। পুত্র, কন্যা এবং দিদির সঙ্গে তিনি কুম্ভে পুণ্যস্নান করতে গিয়েছিলেন। মৌনী অমাবস্যা উপলক্ষে ত্রিবেণী সঙ্গমে পবিত্র ডুব দেওয়ার আগেই বিপর্যয়ের বলি হন বাসন্তী।ইংরেজবাজারের বাড়িতে পরিবারের মধ্যে এখন উৎকণ্ঠার ছাপ।

আত্মীয় এবং আরও কয়েক জনের সঙ্গে কুম্ভে গিয়েছিলেন বিনোদ। বাড়িতে তাঁর দুই মেয়ে এক এক ছেলে রয়েছে। পরিবার সূত্রে খবর, কুম্ভমেলায় পদপিষ্টের ঘটনাস্থলে বিনোদের মোবাইল পড়ে ছিল। সেটি কুড়িয়ে পান রাজস্থানের এক



বাসিন্দা। তিনিই পরিবারের লোকেদের ফোন করে জানান, পদপিষ্টের ঘটনাস্থলে মোবাইলটি পড়ে ছিল। পুলিশের কাছে খোঁজখবর নেওয়ার পরামর্শ দেন। সেখান থেকেই প্রয়াগরাজে থাকা মৃতের আত্মীয় এবং অন্যেরা খবর পান। পুলিশের সঙ্গে যোগাযোগ করলে তাঁরা জানতে পারেন, বিনোদের মৃত্যু হয়েছে। তাঁরা এখন বিনোদের দেহ নিয়ে ফিরছেন আসানসোলে। আসানসোলের মহকুমারশাসক বিশ্বজিৎ ভট্টাচার্য জানান, গাড়িতে করে দেহ নিয়ে আসা হচ্ছে। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি (সেন্ট্রাল) ধ্রুব দাস জানান, শুক্রবার ভোরেই তাঁর দেহ পৌঁছে যাবে জামুরিয়ায়।বিনোদের মতো আত্মীয়দের সঙ্গে কুম্ভে গিয়েছিলেন মালদহের অনিতাও। তাঁর সঙ্গে আরও চারটি পরিবার ছিলেন। মঙ্গলবার ভোরের দিকে সঙ্গমে পুন্যস্নানের জন্য যাচ্ছিলেন তাঁরা। সেই সময়েই পদপিষ্টের ঘটনা ঘটে। তার পর থেকে প্রৌঢ়ার সঙ্গে যোগাযোগ করতে পারছেন না কেউই। পদপিষ্টের ঘটনার সময়ে সকলেই বিচ্ছিন্ন হয়ে পড়েছিলেন। প্রাথমিক ধাক্কা সামলানোর ঘণ্টা খানেক পরে বাকিদের খোঁজ মিললেও, প্রৌঢ়াকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। হাসপাতালে হাসপাতালে খোঁজ চলছে। কাছাকাছি থাকা আশ্রমগুলিতেও খোঁজ নেওয়া হয়েছে। কিন্তু কোথাও কোনও সদুত্তর মেলেনি। ইংরেজ বাজারের ঘোষ পরিবার এখন চাইছেন প্রৌঢ়া যে পরিস্থিতিতেই থাকুন না কেন, কিছু একটা খবর মিলুক।প্রৌঢ়া কী অবস্থায় রয়েছেন, তা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছেন তাঁর পুত্র এবং পুত্রবধূ। আত্মীয়দের চার পরিবারের সঙ্গে প্রৌঢ়া একাই রওনা দেন প্রয়াগরাজের উদ্দেশে। পুণ্যলাভের আশায় যাচ্ছেন, এই ভেবে পরিবারের কেউ আপত্তিও জানাননি। মালদহ থেকে দু'টি গাড়িতে করে তাঁরা রওনা দেন। সোমবার পৌঁছে যান প্রয়াগরাজে। কিন্তু সেখানে গিয়ে যে প্রৌঢ়া এমন একটি পরিস্থিতিতে পড়বেন, তা দুঃস্বপ্নেও কল্পনা করতে পারেননি তাঁর পুত্র এবং পুত্রবধূ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




(৪ পাতার পর)

# আর্থিক সমীক্ষা ২০২৪-২৫-এর মুখবন্ধ

কৌশলগত বিনিয়োগের কথা বলা হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে সমীক্ষায় শক্তি সুরক্ষার ক্ষেত্রে গণমুখী নীতির ভূমিকার ওপর জোর দেওয়া হয়েছে। শক্তির রূপান্তরের ক্ষেত্রে জীবাশ্ম জ্বালানি থেকে বৈদ্যুতিক যানবাহন ব্যবস্থার কথা তুলে ধরার পাশাপাশি আরও দক্ষ গণ-পরিবহন ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-র ক্ষেত্রে ভারসাম্যমূলক নীতি গ্রহণের কথা উল্লেখ করে সমীক্ষায় বলা হয়েছে, এআই সমস্ত সমস্যার একমাত্র সমাধান নয় এবং সব দেশে বিশেষত, ভারতের মতো শ্রমিক-সমৃদ্ধ দেশে এটি সমানভাবে প্রযোজ্য নয়।

মুখবন্ধে ভারতে উচ্চ-প্রক্রিয়াজাত খাবারের ব্যবহার বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নীতির ক্ষেত্রে এই সমীক্ষায় মহিলা, কৃষক, তরুণ ও গরিবদের অংশগ্রহণ বৃদ্ধির ওপর জোর দেওয়া হয়েছে। তরুণদের ক্ষেত্রে শিক্ষা, দক্ষতা, দৈহিক ও মানসিক স্বাস্থ্যে বিনিয়োগের ওপর নজর দিতে বলা হয়েছে। ক্ষমতায়নের মাধ্যমে গরিবদের আয় ও জীবনধারণের মানোন্নয়নে তাঁদের আর্থিক কর্মকাণ্ডের মূল কেন্দ্রে নিয়ে আসার কথা বলা হয়েছে এই সমীক্ষায়। মহিলাদের ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্য সরকারগুলিকে আইনি বিধিনিষেধ দূর করার পরামর্শ দেওয়া হয়েছে।

'সহজে ব্যবসা'র সুগম করতে সমীক্ষায় রাজ্য সরকারগুলির মধ্যে সমন্বয় বাড়ানোর কথা বলা হয়েছে। সেইসঙ্গে উৎপাদন-সংযুক্ত ভর্তুকি প্রকল্পের সাফল্যের কথাও এতে তুলে ধরা হয়েছে।

# সুইডেনের রাস্তায় কোরআন পুড়িয়ে শোরগোল ফেলে দেওয়া ইরাকি শরণার্থীকে গুলি করে হত্যা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গুলি করে হত্যা করা হল ধর্মগ্রন্থ কোরআনের অবমাননাকারী এক যুবককে। স্থানীয় সময় বুধবার(২৯ জানুয়ারি)সন্ধ্যায় স্টকহোমের একটি অ্যাপার্টমেন্টে ৩৮ বছর বয়সী ইরাকি শরণার্থী সালওয়ান মোমিকাকে হত্যা করা হয়েছে। ৪০ বছর বয়সি মোমিকাকে একটি অ্যাপার্টমেন্টে গুলিবিদ্ধ অবস্থায় পাওয়া যায় এবং তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

উল্লেখ্য, মোমিকার এই কর্মকাণ্ডে কোন শাস্তিই দেয় নি সুইডেন সরকার। মোমিকার এই কর্মকাণ্ডকে 'বাক স্বাধীনতা' হিসেবে আখ্যা দিয়েছিল সুইডেন সরকার। এমনকি যে সময় তিনি কোরআন পোড়ান তখন পুলিশ তাকে নিরাপত্তাও দেয়। তবে এই নিয়ে বিশ্ব জুড়ে উত্তেজনা বাড়তে থাকে। শেষ পর্যন্ত বিক্ষোভ ও



সমালোচনার মুখে পড়ে মোমিকার রেসিডেন্স পারমিট বাতিল করে সুইডিশ সরকার।২০২৩ সালে ইসলামের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গিয়ে দুইবার কোরআন পোড়ান মোমিকা। সালওয়ান মোমিকা মূলত ইরাকি নাগরিক। তিনি সুইডেনে আশ্রয়প্রার্থী হিসেবে ছিলেন। প্রথমবার স্টকহোমের একটি মসজিদের বাইরে কোরআন পুড়িয়েছিলেন তিনি। দ্বিতীয়বার পুড়িয়েছিলেন ইরাকি দূতাবাসের বাইরে। এই ঘটনায় ক্ষুব্ধ হয়ে ওঠে ইসলাম ধর্মালম্বীরা। এই ঘটনার তীব্র প্রতিবাদ ও সমালোচনা জানান ইসলাম ধর্মালম্বীরা।

ইতিমধ্যেই ঘটনাস্থলে এসে উপস্থিত হয়েছে সুইডেন পুলিশ। একজন সন্দেহভোজনকে আটকও করা হয়েছে। স্টকহোম পুলিশের একজন মুখপাত্র জানিয়েছেন, এই ঘটনায় ওই সন্দেহভাজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এতে জড়িত থাকার দায়ে অন্তত পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে।দেশটির এক নিরাপত্তা কর্মী জানিয়েছে, ইসলাম ধর্মের পবিত্র ধর্মগ্রন্থ কোরআন অবমাননার দায়ে আজ মোমিকার বিরুদ্ধে আদালতের রায় দেওয়ার কথা ছিল। তবে আদালতে উপস্থিত হওয়ার আগেই গুলিতে নিহত হয়েছেন তিনি।

তবে রহস্যের বিষয় হল যে, যে ব্যক্তি গুলিতে নিহত হয়েছে সে হল সে আদেও মোমিকা কিনা তা জানা যায় নি এখনও পর্যন্ত।

বৃহস্পতিবার স্টকহোম বিভাগীয় আদালত জানায়, পূর্বনির্ধারিত একটি মামলায় রায় ঘোষণা স্থগিত করা হয়েছে। কারণ মামলার এক অভিযুক্ত নিহত হয়েছে। পরবর্তীতে বিচারক জানান, যিনি গুলিত নিহত হয়েছেন তিনি হলেন কোরআন পোড়ানো মোমিকা। তবে মোমিকা কীভাবে মারা গেছেন তা জানান নি বিচারক।

## হরিপালে মহিলা তৃণমূল কংগ্রেসের সম্মেলন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আজ হরিপালের মালিয়ার বিশ্বনাথ সেবা সমিতিতে আরামবাগ সাংগঠনিক জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মী সম্মেলন ও আলাপচারিতা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্যে মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতি মন্ত্রী বেচারাম মান্না, মহিলা তৃণমূল কংগ্রেসের জেলা সভানেত্রী বিধায়ক ডাঃ করবী মান্না,বিধায়ক রামেন্দু সিংহরায় সহ জেলাস্তরের নেতৃত্ববৃন্দ। এই সম্মেলনে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সভানেত্রী মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য তিনি এই সম্মেলনের গুরুত্ব এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মহিলাদের জন্য যে সমস্ত প্রকল্পগুলো চালু করেছেন তার বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে তৃণমূল কংগ্রেসের হুগলি জেলার সভানেত্রী বিধায়িকা ডাক্তার করবী মান্না রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মহিলাদের যে সমস্ত প্রকল্পগুলো তৈরি করেছেন এবং মহিলাদের সম্মান দিতে যেভাবে এগিয়ে এসেছেন তার বিস্তারিত তথ্য তুলে ধরেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মন্ত্রী বেচারাম মান্না সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ।

## পাকিস্তানে তুমুল অশান্তি, চলল একের পর এক গুলি , নিহত মেজরসহ ১৭



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ফের পাকিস্তান জুড়ে শুরু হয়েছে তুমুল অশান্তি । নিরাপত্তারক্ষী বাহিনীর সঙ্গে সন্ত্রাসীদের চলছে সংঘর্ষ । আর তাতেই এখন পর্যন্ত প্রাণ হারিয়েছেন , নিরাপত্তারক্ষী বাহিনীর মেজর সহ চারজন । সেইসঙ্গে খতম হয়েছে ১৩ জন সন্ত্রাসী । স্বাভাবিকভাবে এই ঘটনায় দেশ জুড়ে ছড়িয়ে পড়েছে আতঙ্ক ।একদিকে মির আলিতে অভিযানে যখন চলছে গোলাগুলি ঠিক সেইসময় , দাত্তা খেল ক্যাম্প থেকে গুন্দি পোস্ট যাওয়ার পথে সন্ত্রাসীরা নিরাপত্তা বাহিনীর কনভয়ে হামলা চালায়। সূত্রের খবর তাতে প্রাণ হারিয়েছেন বেশ কয়েকজন । এককথায় বলা যায়, পর পর নিরাপত্তারক্ষী বাহিনীর সঙ্গে সন্ত্রাসীদের সংঘর্ষে পাকিস্তান জুড়ে ছড়িয়েছে উত্তেজনা । বলা বাহুল্য, বেশ কয়েক বছর ধরে পাকিস্তানে সন্ত্রাসী হামলার পরিমাণ অনেক বেড়েছে। বিশেষ করে পাকিস্তানের নিরাপত্তা বাহিনীকে লক্ষ্য করে হামলা হচ্ছে। সব থেকে বেশি ২০২৪ সালে চলেছে দুইপক্ষের মধ্যে সংঘর্ষ । তাতে প্রাণ হারিয়েছেন বহু মানুষ।পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের তরফে জানান হয়েছে, গোপন তথ্য অনুসারে সন্ত্রাসীদের ওপর নজর রাখতে মির আলিতে অভিযান চালায় নিরাপত্তা বাহিনী। আর তখনই শুরু হয় দুপক্ষের মধ্যে সংঘর্ষ । চলে দেদার গোলাগুলি। তাতেই ছয়জন সন্ত্রাসী প্রাণ হারায় । সেইসঙ্গে এই অভিযানে নেতৃত্ব দেওয়া মেজর হামজা ইসরার এবং মুহাম্মদ নাঈম নিহত হন।

# সিনেমার খবর

## বাড়ি বিক্রি করছেন অমিতাভ, দাম কত?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউড শাহেন শাহ অমিতাভ বচ্চন কত টাকায় বাড়ি বিক্রি করছেন তা নিয়ে চারদিকে এখন আলোচনা চলছে। 'হিন্দুস্তান টাইমস' সূত্রে জানা গেছে, বিগবির বাড়িটি ৮৩ কোটি রুপিতে বিক্রি হতে যাচ্ছে, যা বাংলাদেশি মুদ্রায় ১১৬ কোটি টাকারও বেশি। অমিতাভ কেবিসির মঞ্চে এখনো ম্যাজিক দেখিয়ে অনুরাগীদের মুগ্ধ করছেন। কিছুটা হলেও তার ছেলে অভিষেক এবং পুত্রবধূ ঐশ্বরিয়ার মধ্যে সমস্যা মিটেছে। এখন বচ্চন পরিবারে কিছুটা শান্তির সুবাতাস বইছে। কিন্তু এরই মধ্যে বাড়ি বিক্রি করছেন অমিতাভ বচ্চন।

'স্কোয়ার ইয়ার্ডস'র অ্যাক্সেস করা সম্পত্তি নিবন্ধন নথি অনুসারে, অমিতাভ মুম্বাইয়ের আন্ধেরি এলাকায় তার ডুপ্লেক্স বাড়িটি ৮৩ কোটি রুপিতে বিক্রি করছেন। বাড়িটির নাম 'আটলান্টিস ভবন'। অ্যাপার্টমেন্টটি কার্পেট এড়িয়া ৫,১৮৫ বর্গফুট বিস্তৃত। নথিগুলোতে দেখা গেছে যে, বাড়িতে ছয়টি গাড়ি পার্কিংয়ের জায়গা রয়েছে।

সম্পত্তি নিবন্ধন নথি অনুসারে, ২৭ এবং ২৮ তলায় অ্যাপার্টমেন্টের জন্য লেনদেন ১৭ জানুয়ারি নিবন্ধিত হয়েছিল। সেখানে ৪.৯৮ কোটি স্ট্যাম্প শুল্ক, ৩০ হাজার রুপি নিবন্ধন ফি লেগেছে।

স্কয়ার ইয়ার্ডস অনুযায়ী, অমিতাভ বচ্চন ২০২১ সালের এপ্রিল মাসে ৩১ কোটিতে ডুপ্লেক্স অ্যাপার্টমেন্টটি কিনেছিলেন। বর্তমানে এটি ৮৩ কোটি রুপিতে বিক্রি হয়েছে, যা আসল মূল্যের প্রায় ১৬৮ শতাংশ বেশি।

সম্পত্তি রেজিস্ট্রেশনের নথি থেকে জানা গেছে, অমিতাভ বচ্চন ২০২১ সালের নভেম্বরে অভিনেত্রী কৃতি স্যাননকে এ বাড়িটি ভাড়া দিয়েছিলেন। প্রতি মাসে এ অ্যাপার্টমেন্ট ভাড়া হিসেবে কৃতিকে ১০ লাখ রুপি দিতে হতো। তাছাড়া ৬০ লাখ রুপি জামানত হিসেবে দিতে হয়েছিল নায়িকাকে।

বচ্চন পরিবার ২০২০ থেকে ২০২৪ সালের মধ্যে শুধু রিয়েল এস্টেটে প্রায় ২০০ কোটি বিনিয়োগ করেছে। স্কয়ার ইয়ার্ডস অনুসারে, বলিউড তারকা অমিতাভ বচ্চন এবং অভিষেক বচ্চন রিয়েল এস্টেটে ১৯৪ কোটি রুপি বিনিয়োগ করেছেন এবং সর্বশেষ বিনিয়োগের মাধ্যমে তাদের পোর্টফোলিও ২০০ কোটি

## মারাঠি রানী রূপে ধরা দিলেন রাশমিকা



রাশমিকা মান্দানা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ছবিতে বিভিন্ন চরিত্রে অভিনয়ে করে দর্শকদের নজর কেড়েছেল দক্ষিণী অভিনেত্রী রাশমিকা মান্দানা। এবার ছত্রপতি শিবাজির স্ত্রীর চরিত্রে প্রথম লুকেই দর্শকদের দৃষ্টি আকর্ষণ করলেন রাশমিকা মান্দানা।

মঙ্গলবার মুক্তি পেয়েছে 'ছাভা' ছবিতে রাশমিকার ফার্স্ট লুক। সেখানে তার মারাঠি রানী রূপে ধরা দিয়েছেন। এ ছবিতে শিবাজি মহারাজের চরিত্রে অভিনয় করছেন ভিকি কৌশল। ইতোমধ্যেই প্রকাশ্যে এসেছে ভিকির 'ছত্রপতি' লুক।

সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করা পোস্টারে দেখা যায়, মারাঠি ট্র্যাডিশনাল শাড়িতে রয়েছেন রাশমিকা। মাথায় ঘোমটা, কপালে বড় লাল টিপ, নাকে নথ। একটি ছবিতে হাসিমুখ এবং অপরটিতে গম্ভীর আগুনে দৃষ্টিতে তাকিয়ে রয়েছেন যশুবাই।

ম্যাডক ফিল্মসের ইনস্টাগ্রাম পেজ থেকে ছবির পোস্টার শেয়ার করে লেখা হয়েছে, 'প্রত্যেক মহান রাজার নেপথ্যে থাকেন একজন শক্তিশালী রানি। রাশমিকা মান্দাকাকে দেখা যাবে সেই যশুবাই রূপে। যিনি স্বরাজ্যের গর্ব।'

আগামী ১৪ ফেব্রুয়ারি শিবাজি সাওয়ান্তের 'ছাভা' বইয়ের কাহিনি অবলম্বনে তৈরি হওয়া ছবিটি মুক্তি পাবে। লক্ষ্মণ উটেকরের পরিচালনাতেই পর্দায় প্রথমবার জুটি বেঁধেছেন ভিকি ও রাশমিকা। এই প্রথম কোনও ঐতিহাসিক চরিত্রে অভিনয় করছেন ভিকি।

## কপিল শর্মাকে হত্যার হুমকি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



ই-মেইলের মাধ্যমে প্রাণনাশের হুমকি পেয়েছেন কমেডি কিং কপিল শর্মা। শুধু তিনিই নন, একের পর এক তারকার কাছে এসেছে এই প্রাণনাশের হুমকি। এই তালিকায় রয়েছেন অভিনেত্রী সুগন্ধা মিশ্র, অভিনেতা রাজপাল যাদব ও কোরিওগ্রাফার রেমো ডিসুজাও।

ভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে যে, বিষ্ণু নামে জনৈক ব্যক্তির কাছ থেকে ই-মেইল পেয়েছেন এই তারকারা। বিষ্ণু শুধু হুমকিই দেয়নি, এর পাশাপাশি সে এও জানিয়েছে যে, তারকাদের কার্যকলাপের ওপর নজরদারি চালাচ্ছে সে।

ফ্রি প্রেস জার্নালের প্রতিবেদন থেকে জানা গেছে, ই-মেইলে বলা হয়েছে, আমরা আপনাদের সাম্প্রতিক কার্যকলাপের ওপর কড়া নজর রাখছি। আমরা বিশ্বাস করি যে, সংবেদনশীল এই বিষয়টি আপনাদের দৃষ্টিগোচরে আনা অত্যন্ত জরুরি। এটা কোনো পাবলিক স্টান্ট নয় অথবা এটা আপনাদের হয়রানি করারও চেষ্টা নয়। আমরা অনুরোধ করছি যে, আপনারা এই বার্তাটিকে গুরুত্ব দিয়ে গ্রহণ করুন। আর গোপনীয়তা বজায় রাখুন।

ই-মেইলের প্রেরক আরও জানিয়েছে যে, আট ঘণ্টার মধ্যে তার দাবি যদি পূরণ করা না হয়, তাহলে এর জেরে ভয়ংকর পরিণতির সম্মুখীন হতে হবে। যদিও এখনো পর্যন্ত ই-মেইল প্রেরকের দাবির বিস্তারিত তথ্য প্রকাশ্যে আনা হয়নি।

সংবাদ সংস্থা আইএএনএস জানায়, রাজপাল যাদবের স্ত্রীর দায়ের করা অভিযোগের ভিত্তিতে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির বিরুদ্ধে বিএনএস-এর ৩৫১(৩) ধারার আওতায় এফআইআর দায়ের করেছে আম্বোলি পুলিশ। এর পাশাপাশি অভিযোগ জানিয়েছেন সুগন্ধা মিশ্র ও রেমো ডিসুজাও।

'দ্য কপিল শর্মা শো' এবং 'কমেডি নাইটস উইথ কপিল'-এর মতো শোয়ের জন্য তুমুল জনপ্রিয়তা ও খ্যাতি লাভ করেছেন কপিল শর্মা। সম্প্রতি নেটফ্লিক্সে 'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো' সঞ্চালনা করেছেন তিনি। নিজের কমেডি শো ছাড়াও 'কিস কিসকো প্যায়ার করুঁ', 'ফিরঙ্গি', 'জ্বিগাটো' এবং 'ক্রু'-র মতো সিনেমার কাজ করেছেন কপিল।

# রদ্রিগো ও ভিনিসিয়ুসের জোড়া গোলে রিয়ালের বড় জয়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



চ্যাম্পিয়ন্স লিগে পায়ের তলায় মাটি খুঁজে পেল প্রথম পাঁচ ম্যাচের তিনটিতে হেরে যাওয়া রিয়াল মাদ্রিদ। বুধবার রেডবুল সলসবুর্গকে ৫-১ গোলে উড়িয়ে দিয়ে অন্তত প্লে-অফে খেলা নিশ্চিত করেছে স্প্যানিশ জায়ান্টরা।

জোড়া গোল করেন রদ্রিগো। ২৩তম মিনিটে বলে জালে জড়ান এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। কাউন্টার অ্যাটাক থেকে ভিনিসিয়ুসের লম্বা পাস বক্সের মধ্যে জুড বেলিংহ্যাম নিয়ন্ত্রণে নিতে না পারলে বল পেয়ে দ্রুত লক্ষ্যভেদ করেন রদ্রিগো। তার জোড়া গোলে ৩৪তম মিনিটে দুই গোলে এগিয়ে যায় রিয়াল।

বিরতির পর গোলের খাতায় নাম লেখান কিলিয়ান এমবাপ্পে। ড্রিবল করে ফরাসি ফরোয়ার্ডকে কাটাতে পারেননি সলসবুর্গ কিপার জানিস ব্লাসউইচ। বল কেড়ে নিয়ে স্কোর ৩-০ করেন ফ্রেঞ্চ ফরোয়ার্ড।

তারপর দুইবার বল জালে জড়ান ভিনিসিয়ুস জুনিয়র। ৫৫তম মিনিটে লুকা মদ্রিচের লম্বা পাস ধরে এক ডিফেন্ডারকে কাটিয়ে জালে বল ঠেলেন তিনি। ৭৭তম মিনিটে ফেদেরিকো ভালভার্দের পাসে দুই ডিফেন্ডারকে পেছনে ফেলে পঞ্চম গোল করেন তিনি। শেষ দিকে এক গোল শোধ দেন ম্যাডস ব্রিস্টাপ।

এই জয়ে অন্তত নকআউটের প্লে অফে জায়গা নিশ্চিত করলো রিয়াল। সরাসরি কোয়ার্টার ফাইনালে খেলার জায়গা থেকে এক পয়েন্ট দূরে গ্যালাকটিকোসরা। আগামী সপ্তাহে শেষ ম্যাচে ব্রেস্টের মুখোমুখি হবে তারা।

এই জয়ে সাত ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে টেবিলের ১৬ নম্বরে রিয়াল। সমান খেলে মাত্র ৩ পয়েন্ট নিয়ে ৩৪তম স্থানে সলসবুর্গ। টুর্নামেন্ট থেকে ছিটকে গেছে তারা।

## শোয়েব মালিকের বন্ধুর সঙ্গেই নতুন সম্পর্কে সানিয়া!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গত বছরই বিচ্ছেদের কথা প্রকাশ্যে আসে ভারতের জনপ্রিয় টেনিস তারকা সানিয়া মির্জা এবং পাকিস্তানের ক্রিকেটার শোয়েব মালিক দম্পতির। এর কিছু দিন পর সানিয়া মির্জার সাবেক স্বামী বিয়ে করেন পাকিস্তানের উপস্থাপক সানা জাভেদকে।

বিবাহবিচ্ছেদের পর সানিয়া মির্জার ঘনিষ্ঠরা জানিয়েছিলেন, এ মুহূর্তে ছেলেকে নিয়েই ব্যস্ত থাকতে চান টেনিস তারকা। কিন্তু বিচ্ছেদ হওয়ার পর পরই সানিয়া মির্জার সঙ্গে একের পর এক ব্যক্তির নাম জড়িয়েছে। কখনো ক্রিকেটার মোহাম্মদ শামির সঙ্গে, আবার কখনো ব্যবসায়ী আদিল সজনের সঙ্গে।

এদিকে ক্রিকেটার মোহাম্মদ শামির সঙ্গে নাকি এআই ছবি সামাজিকমাধ্যমে হয়েছিল ভাইরাল। সেই গুঞ্জনের মাঝেই আবার সানিয়া মির্জা নাকি সত্যি সত্যি সম্পর্কে জড়িয়েছেন ব্যবসায়ী আদিলের সঙ্গে। এরপরই নেটিজেনদের প্রশ্ন— কে সেই আদিল সজন? কী বা পেশা তার? আর সানিয়ার সঙ্গে তার সম্পর্কই বা কী?

সামাজিক মাধ্যমের এক প্রতিবেদন সূত্রে জানা গেছে, আদিল দুবাইয়ের একজন ব্যবসায়ী। শোয়েব মালিকের সঙ্গে তার ঘনিষ্ঠ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। সেই সম্পর্ক থেকে সানিয়া মির্জাকেও অনেক দিন ধরে চেনেন আদিল।

দানুবে গ্রুপের ম্যানেজার আদিল কোটিপতি। প্রায় ১৬০০ কোটি টাকার মালিক এ যুবক। বলিউডের সঙ্গেও আদিলের ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। তবে আদিল বিবাহিত। তার স্ত্রী সানা সজন পেশায় একজন চিকিৎসক।

তবু সানিয়ার সঙ্গে সম্পর্কের গুঞ্জন রটেছে তাকে ঘিরেই। আর এর কারণ হিসেবে গুঞ্জন রয়েছে— সম্প্রতি ইনস্টাগ্রামে সানিয়া মির্জার ব্যবসায়ী আদিলকে অনুসরণ করা। যদিও আদিল প্রসঙ্গে কোনো মন্তব্য করেননি এ টেনিস তারকা। আর এখন পর্যন্ত এই গুঞ্জন নিয়ে মুখ খোলেননি আদিল। অন্যদিকে মুখে কুলুপ এঁটেছেন সানিয়া মির্জাও।


## ফুটবল ইতিহাসের প্রথম বিলিয়নিয়ার ক্লাব রিয়াল!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শিরোপা জয়ে রিয়ালের ধারে কাছে নেই অন্য কোনো ক্লাব। রেকর্ড ১৫ বার ইউরোপসেরা ক্লাবটি এবার আয়েও ইতিহাস গড়ল। ইতিহাসের প্রথম ফুটবল ক্লাব হিসেবে এক বছরে ১ বিলিয়ন বা ১০০ কোটি ইউরো আয় করেছে স্প্যানিশ ক্লাবটি।

আর্থিক কনসালটিং ফার্ম ডেলয়েটের লন্ডনে প্রকাশিত ২৮ তম 'ফুটবল মানি লিগ' রিপোর্টে গতকাল জানিয়েছে এ খবর।

২০২৩/২০২৪ সিজনে ফ্লোরেন্তিনো পেরেজের নেতৃত্বাধীন রিয়াল মাদ্রিদ ১.০৬৫ বিলিয়ন ইউরো আয় করে তালিকার শীর্ষে রয়েছে। ৮৩৮ মিলিয়ন ইউরো আয় করে ম্যানচেস্টার সিটি দ্বিতীয় এবং ৮০৬ মিলিয়ন ইউরো আয় করে তৃতীয় স্থানে রয়েছে পিএসজি। ম্যানচেস্টার ইউনাইটেড (৭৭ কোটি ১০ লাখ ইউরো) ও বায়ার্ন মিউনিখ (৭৬ কোটি ৫০ লাখ ইউরো)।



মূলত রিয়ালের আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে নতুন বার্নাব্যু স্টেডিয়াম। স্টেডিয়ামের ধারণক্ষমতা বৃদ্ধি বা ম্যাচ ডে'তে প্রিমিয়াম অফার চালুর মাধ্যমে ম্যাচ ডে আয় বাড়িয়েছে। ম্যাচ আয়োজন করে ২৫১ মিলিয়ন ইউরো আয় করেছে ক্লাবটি, যা আগের বছরের তুলনায় ২৮ শতাংশ বেশি। নতুন ভিআইপি সিটে অতিরিক্ত ৮৩ মিলিয়ন ইউরো আয় হয়েছে তাদের। এছাড়া মার্কেটিং ও বিজ্ঞাপন চুক্তিতে বাণিজ্যিক আয় ২৬% বৃদ্ধি পেয়েছে এবং সম্প্রচার আয় বেড়েছে ৮%।

ডেলয়েটেরে প্রতিবেদন অনুযায়ী, রিয়াল মাদ্রিদ স্কোয়াডের বাজারমূল্য ১.৩৬৪ বিলিয়ন ইউরো। একই সঙ্গে ক্লাবের ব্যবসায়িক মূল্য ৫.০৯৭ বিলিয়ন ইউরো।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR